## নির্ধারিত কবিতাংশ

'ক' গ্রুপ (ছাত্র-ছাত্রী)

# নবীর শিক্ষা

শেখ হাবিবুর রহমান

'তিনদিন হতে খাইতে না পাই, নাই কিছু মোরে ঘরে,
দারা পরিবার বাড়িতে আমার উপোস করিয়া মরে।
নাহি পাই কাজ তাই ত্যাজি লাজ বেড়াই ভিক্ষা করি।
হে দয়াল নবী, দাও কিছু মোরে নহিলে পরাণে মরি।'
আরবের নবী করুণার ছবি ভিখারীর পানে চাহি,
কোমল কণ্ঠে কহিলা, 'তোমার ঘরে কি কিছুই নাহি?'
বলিল সে, 'আছে শুধু মোর কাছে কম্বল একখানি।'
কহিলা রসূল, 'এক্ষণি গিয়া দাও তাহা মোরে আনি।'

সম্বল মোর কম্বলখানি বেচিয়া তাহার করে,
অর্ধেক দাম দিলেন রসূল খাদ্য কেনার তরে,
বাকি টাকা দিয়া কিনিলা কুঠার হাতল লাগায়ে নিজে,
কহিলেন, 'যাও, কাঠ কেটে খাও, দেখ খোদা করে কি-যে।'

সেদিন হইতে শ্রম সাধনায় ঢালিল ভিখারী প্রাণ,
বনের কাষ্ঠ বাজারে বেচিয়া দিন করে গুজরান।
অভাব তাহার রহিল না আর, হইল সে সুখী ভবে,
নবীর শিক্ষা, করো না ভিক্ষা, মেহনত কর সবে।

## নির্ধারিত কবিতাংশ

'খ' গ্রুপ (ছাত্র ও ছাত্রী)

# মোহররম

কাজী নজরুল ইসলাম

নীল সিয়া আস্মান, লালে লাল দুনিয়া,-
"আম্মা! লা'ল তেরি খুন কিয়া খুনিয়া।"
কাঁদে কোন ক্রন্দসী কারবালা ফোরাতে,
সে কাঁদনে আঁসু আনে সীমারেরও ছোরাতে!
রুদ্র মাতম ওঠে দুনিয়া-দামেশকে-
"জয়নালে পরালো এ খুনিয়ারা বেশ কে?"
"হায় হায় হোসেনা," ওঠে রোল ঝঞ্ঝায়,
তলওয়ার কেঁপে ওঠে এজিদেরো পঞ্জায়!
উন্মাদ দুলদুল ছুটে ফেরে মদিনায়,
আলি-জাদা হোসেনের দেখা হেথা যদি পায়!
মা ফাতিমা আসমানে কাঁদে খুলি' কেশপাশ,
বেটাদের লাশ নিয়ে বধূদের শ্বেত বাস।
রণে যায় কাসিম ঐ দু'ঘড়ির নওশা,
মেহেদীর রঙটুকু মুছে গেল সহসা
'হায় হায়' কাঁদে বায় পুরবী ও দখিনা
"কঙ্কন পঁইচি খুলে ফেল, সকীনা!"

বিসমিল্লাহির রহমানির রহীন

## শিশু-কিশোর ইসলামিক সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২২-২০২

# অনুষ্ঠান নির্দেশিকা

বিষয় ঃ

(ক) ক্বিরাত
(খ) আযান
(গ) হামদ-না'তে রাসুল(সাঃ)
(ঘ) কবিতা আবৃত্তি
(ঙ) উপস্থিত বক্তৃতা
(চ) রচনা ও
(ছ) ইসলামী জ্ঞান।

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
## ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয়
শান্তিবাগ, চাঁপাইনবাবগঞ্জ।

জনাব

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

সারা দেশে আজ নৈতিকতার চরম অবক্ষয় বিরাজ করছে। বাঁধনহারা অপসংস্কৃতির ভিড়ে দেশের সাংস্কৃতিক অঙ্গন এমনভাবে কলুষিত হয়ে পড়েছে যে, জাতীয় স্বকীয়তা আর অস্তিত্বই যেন আজ হুমকির সম্মুখীন। সাংস্কৃতিক অঙ্গনকে কলুষমুক্ত করতে না পারলে এ জাতিকে ধ্বংসের হাত থেকে রক্ষা করা কঠিন হয়ে দাঁড়াবে। এজন্য প্রয়োজন নৈতিকতা সম্পন্ন ও শালীন সাংস্কৃতিক ধারার অনুশীলন।

যারা আজকের শিশু-কিশোর তারা আগামী দিনের নাগরিক, তাদেরকে সেই ধারার সাথে সম্পৃক্ত করতে পারলে জাতির ভবিষ্যৎ বিনির্মাণে তা ইতিবাচক পদক্ষেপ হিসেবে বিবেচিত হতে পারে। ইসলামী সংস্কৃতির অনুশীলনের মাধ্যমেই তা সম্ভব। তাই ইসলামের সেই শাশ্বত ও চিরসুন্দর সংস্কৃতির বিকাশে ইসলামিক ফাউন্ডেশন বিভিন্ন ধরণের কার্যক্রম পরিচালনা করে আসছে। তারই অংশ হিসেবে জাতীয় শিশু-কিশোর ইসলামী সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন।

ইতোপূর্বে এই প্রতিযোগিতা সরাসরি উপজেলা পর্যায় থেকে শুরু হতো। কিন্তু উপজেলা পর্যায়ে প্রতিযোগিতা বাস্তবায়নে বেশ কিছু সমস্যা হওয়ার কারণে এবং জেলা পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ আরো অবারিত করে তোলার লক্ষ্যে এবার তৃণমূল পর্যায় থেকে প্রতিযোগিতা শুরু হবে। যোগ্য প্রতিযোগী বাছাই-এর জন্য প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে প্রাথমিক বাছাই করে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের নামের তালিকা প্রতিষ্ঠানের নিজ দায়িত্বে উপজেলা পর্যায়ে পৌছাতে হবে।

প্রতি বছরের ন্যায় এবারও এই প্রতিযোগিতা অনুষ্ঠান বাস্তবায়নে সকলের আন্তরিক সহযোগিতা খুবই প্রয়োজন। বিশেষ করে শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীরাই এর প্রাণ। তাই প্রতিযোগিতায় তাদের উপস্থিতি নিশ্চিত করার জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানসহ সকল শিক্ষক ও অভিভাবকগণের আন্তরিক সহযোগিতার প্রয়োজন।

সংশ্লিষ্ট সকলের সার্বিক সহায়তা ও উপস্থিতি এ আয়োজনকে সফল করবে এটাই আমাদের প্রত্যাশা।

ফোন ঃ অফিস-০২৫৮৮৯২০২১
মোবাইল ঃ ০১৭১৮-৪০৯৩৯০

কৃষিবিদ মোঃ মাহমুদার রহমান
উপপরিচালক

## সাধারণ নীতিমালা

১. সকল স্কুল ও মাদ্রাসার প্রাথমিক ও মাধ্যমিক স্তরের ছাত্র-ছাত্রী এ প্রতিযোগিতায় অংশ নিতে পারবে।

২. ‘ক’-গ্রুপ(ছাত্র-ছাত্রী) ঃ ৩য় শ্রেণী হতে ৭ম শ্রেণি পর্যন্ত
‘খ’-গ্রুপ(ছাত্র) ঃ ৮ম শ্রেণি হতে ১০ম শ্রেণি পর্যন্ত ছাত্র
‘খ’-গ্রুপ(ছাত্রী) ঃ ৮ম শ্রেণি হতে ১০ম শ্রেণিপর্যন্ত ছাত্রী।

৩. একজন প্রতিযোগী সর্বোচ্চ তিনটি বিষয়ে অংশগ্রহণ করতে পারবে।

৪. কোন পর্যায়েই যুগ্মভাবে বিজয়ী করার কোন সুযোগ থাকবে না।

৫. প্রতিযোগিতার ফলাফল সম্পর্কে বিচারকমন্ডলীর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৬. রচনার বিষয় তাৎক্ষণিক ঘোষনার প্রেক্ষিতে প্রতিযোগিতার স্থলে বসে লিখতে হবে; কাগজ সরবরাহ করা হবে- তবে কলম সাথে আনতে হবে।

৭. উপজেলা পর্যায়ে বিজয়ী প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীকে শুধুমাত্র সনদপত্র দেয়া হবে। জেলা পর্যায়ে বিজয়ীরা সনদপত্র ও পুরস্কার পাবে।

৮. বিভাগ পর্যায়ে বিজয়ীরাও সনদপত্র ও পুরস্কার পাবে এবং অংশগ্রহণের জন্য সেখানে যাতায়াত ভাতা দেয়া হবে।

৯. শালীন ও মার্জিত পোশাকে প্রতিযোগিতায় অংশগ্রহণের ব্যাপারে সতর্ক থাকতে হবে।

১০. প্রতিযোগিতার নিয়ম-শৃঙ্খলা পরিপন্থী বা প্রতিষ্ঠানের স্বার্থবিরোধী কোন কাজ করলে বা কোন প্রকার অসদাচরণ করলে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট প্রতিযোগির অংশগ্রহণ বাতিল করতে পারবেন।

১১. ইসলামী জ্ঞান প্রতিযোগিতা পুস্তিকার আলোকে সরাসরি জেলা পর্যায়ে অনুষ্ঠিত হবে।

## প্রতিযোগিতা তারিখ ও স্থান সম্পর্কিত তথ্য

| উপজেলা | তালিকা জামা দেয়ার তারিখ | প্রতিযোগিতা অনুষ্ঠানের তারিখ ও সময় | তালিকা জামা দেয়ার স্থান | প্রতিযোগিতার স্থান |
|---|---|---|---|---|
| সদর | ০৬/০২/২৩ সোমবার | ০৮/০২/২৩ সকাল-৯টা হতে | ইফা. চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয় | ইসলামিক ফাউন্ডেশন মিলনায়তন |
| শিবগঞ্জ | ০৬/০২/২৩ সোমবার | ০৮/০২/২৩ সকাল-৯টা হতে | মডেল রিসোর্স সেন্টার | শিবগঞ্জ ফাযিল মাদ্রাসা |
| নাচোল | ০৬/০২/২৩ সোমবার | ০৮/০২/২৩ সকাল-৯টা হতে | মডেল রিসোর্স সেন্টার | নাচোল পাইলট উচ্চ বিদ্যালয় |
| গোমস্তাপুর | ০৬/০২/২৩ সোমবার | ০৮/০২/২৩ সকাল-৯টা হতে | মডেল রিসোর্স সেন্টার | প্রসাদপুর ফাযিল মাদ্রাসা |
| ভোলাহাট | ০৬/০২/২৩ সোমবার | ০৮/০২/২৩ সকাল-৯টা হতে | মডেল রিসোর্স সেন্টার | গোহালবাড়ী ফাযিল মাদ্রাসা |

## অন্যান্য তথ্য

- জেলা পর্যায়ের প্রতিযোগিতা আগামী ১৩/০২/২০২৩ সোমবার সকাল ৯.০০টায় ইসলামিক ফাউন্ডেশন চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয় মিলনায়তনে অনুষ্ঠিত হবে।
- বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতার তারিখ ও সময় যথা সময়ে জানানো হবে।

## প্রতিযোগিতার বিষয়বস্তু ও গ্রুপ

| বিষয় | ক (ছাত্র-ছাত্রী) | খ (ছাত্র) | খ (ছাত্রী) |
|---|---|---|---|
| কিরাত | সূরা নসর | সূরা ত্বীন | সূরা ত্বীন |
| আযান | বিচারকগণ কর্তৃক নির্ধারিত অংশ | বিচারকগণ কর্তৃক নির্ধারিত অংশ | প্রযোজ্য নয় |
| হামদ ও না'তে রাসুল(সাঃ) | নিজ নিজ পছন্দমত | নিজ নিজ পছন্দমত | নিজ নিজ পছন্দমত |
| কবিতা আবৃতি | নবীর শিক্ষা শেখ হাবিবুর রহমান | মোহর্‌রম কাজী নজরুল ইসলাম | মোহর্‌রম কাজী নজরুল ইসলাম |
| উপস্থিত বক্তৃতা | ৭ই মার্চে প্রদত্ত বঙ্গবন্ধুর ভাষণের অনুকৃতি | তাৎক্ষণিক ভাবে লটারির মাধ্যমে নির্ধারিত হবে | তাৎক্ষণিক ভাবে লটারির মাধ্যমে নির্ধারিত হবে |
| রচনা | তাৎক্ষণিকভাবে নির্বাচিত বিষয় | | |
| ইসলামী জ্ঞান (জেলা পর্যায়ে) | ইসলামী জ্ঞান পুস্তিকা হতে | ইসলামী জ্ঞান পুস্তিকা হতে | ইসলামী জ্ঞান পুস্তিকাা হতে |

★ বিস্তারিত তথ্যের জন্য নিম্নবর্ণিত নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো হলো।

| | | | |
|---|---|---|---|
| শের মোহাম্মদ | হিসাব রক্ষক | ইফা. চাঁপাইনবাবগঞ্জ | ০১৭৩২২৬০৬৬৭ |
| মোঃ মনিরুল ইসলাম | বিক্রয় সহকারী | ইফা. চাঁপাইনবাবগ | ০১৭২৭৩০০৫৩৪ |
| মুহাঃ শরিফুল ইসলাম | ফিল্ড অফিসার | সদর | ০১৭১৬৩৮৮৯৯২ |
| মোঃ ইসমাঈল হোসেন | ফিল্ড সুপারভাইজার | শিবগঞ্জ | ০১৭২৩৯০১২৯৩ |
| মোঃ আতাউর রহমান | ফিল্ড সুপারভাইজার | নাচোল | ০১৭১৬৭১০৮৫৬ |
| মুহঃ আনোয়ারুল হক | ফিল্ড সুপারভাইজার | গোমস্তাপুর | ০১৭২৪২৬৮২৭৭ |
| মোঃ শাহাদৎ হুসাইন | ফিল্ড সুপারভাইজার | ভোলাহাট | ০১৭১৩৮৬১৪৪৮ |